REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 02-09-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে ভয়াবহ বন্যা পরবর্তী পরিস্থিতিতে বিপন্ন মানুষের সহায়তায় রাজ্যের মানুষ ইতিহাস সৃষ্টি করেছেন ।**

**(২) সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ থেকে স্বচ্ছ ভারত মিশন দ্বিতীয় পর্বের কর্মসূচী শুরু হয়েছে ।**

**(৩) আগামীকাল রাজ্যসভায় ত্রিপুরার একমাত্র আসনের উপনির্বাচনের ভোট গ্রহণ করা হবে ।**

**(৪) কেন্দ্রীয় মন্ত্রিসভা মোট ২,৮১৭ কোটি টাকার ডিজিটাল কৃষি মিশনের অনুমোদন দিয়েছে ।**

**(৫) ২০২৪ এর প্যারিস প্যারা অলিম্পিকে পুরুষদের ডিসকাস থ্রো-তে রৌপ্য পদক জয়ের জন্য রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং উপ রাষ্ট্রপতি জগদীপ ধনখর যোগেশ কাঠুনিয়াকে অভিনন্দন জানিয়েছেন।**

*******************************************

**Blood Donation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে ভয়াবহ বন্যা পরবর্তী পরিস্থিতিতে বিপন্ন মানুষের সহায়তায় রাজ্যের মানুষ ইতিহাস সৃষ্টি করেছে। আজ আগরতলা জেকশন গেইটস্থিত একদন্ত সামাজিক সংস্থা আয়োজিত স্বেচ্ছা রক্তদান শিবিরে উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, বন্যায় রাজ্যের

বিভিন্ন এলাকা ধবংসস্তূপে পরিণত হয়েছে। রাজ্যের ইতিহাসে এরকম বন্যা পরিস্থিতি কখনও সৃষ্টি হয়নি। এই পরিস্থিতিতে রাজ্যের সাধারণ মানুষ থেকে শুরু করে স্বেচ্ছাসেবী সংগঠন, বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠান রাজ্যের বিপন্ন মানুষের সহায়তায় এগিয়ে এসেছেন। কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় রাজ্য সরকার এই পরিস্থিতি থেকে বেরিয়ে আসার আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ রাজ্যের বন্যা পরবর্তী পরিস্থিতি সম্পর্কে সম্পূর্ণ অবগত আছেন।

রক্তদান প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, রক্তদানের কোনও বিকল্প নেই। রক্ত পৃথকীকরণের মাধ্যমে একজন রক্তদাতা ৪ জন মুমুর্ষু রোগীর জীবন বাঁচাতে সক্ষম। রক্তদান শিবিরে ২২ জন স্বেচ্ছায় রক্তদান করেন। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার।

****************************

**Swaccha Bharat Mission 2.0 :**

সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ থেকে স্বচ্ছ ভারত মিশন দ্বিতীয় পর্বের কর্মসূচী শুরু হয়েছে। তা চলবে ১৩ই সেপ্টেম্বর পর্যন্ত। এই উপলক্ষ্যে আজ পশ্চিম জেলা শাসকের কার্যালয়ের উদ্যোগে এক সচেতনতা অনুষ্ঠান ও রেলির আয়োজন করা হয়। সেই সঙ্গে একটি স্বচ্ছ ভারত গ্রামীণ রথের আনুষ্ঠানিক সূচনা হয়। কর্মসূচিতে উপস্থিত ছিলেন এ.ডি.এম সজল বিশ্বাস, এসিস্ট্যান্ট কালেক্টর হিমাংশু মঙ্গল, ডেপুটি কালেক্টর নব কুমার জমাতিয়া। অনুষ্ঠানে উপস্থিত সকলে শপথ বাক্য পাঠ করেন ও সপ্তাহে দুই ঘণ্টা এবং বছরে ১০০ ঘন্টা স্বচ্ছতা কর্মসূচির সঙ্গে নিজেকে যুক্ত রাখার অঙ্গীকার করেন। সব শেষে সবুজ পতাকে নেড়ে স্বচ্ছ ভারত গ্রামীণ রথের সূচনা করা হয়। এই রথ জেলার বিভিন্ন এলাকায় বিশেষ করে গ্রামীণ এলাকা গুলিতে ঘুরে সাধারণ মানুষের মধ্যে স্বচ্ছতা সংক্রান্ত নানা বিষয় তুলে ধরবে।

*****************************

**RAJYA SABHA BYE ELECTION :**

আগামীকাল রাজ্যসভায় ত্রিপুরার একমাত্র আসনের উপনির্বাচনের ভোট গ্রহণ করা হবে। সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত রাজ্য বিধানসভার লবিতে ভোট গ্রহণ করা হবে। প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন বিজেপি প্রার্থী রাজীব ভট্টাচার্য এবং সি পি আই(এম) প্রার্থী সুধন দাস। নির্বাচনের রিটার্নিং অফিসার এস. মগ এসংবাদ জানান। ভোট গ্রহনের পর বিকেল ৫টায় ভোট গননা শুরু হবে।

*****************************

**SLBC Meeting Finance Sec :**

রাজ্যের সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের আর্থিক সহায়তার বিষয়ে পর্যালোচনায় মুখ্যসচিবের নেতৃত্বে আজ রাজ্য পর্যায়ের ব্যাংকার কমিটি SLBC-র বৈঠক অনুষ্ঠিত হয়। অর্থসচিব অপূর্ব রায় মহাকরনে সাংবাদিক সম্মেলনে জানান, বৈঠকে মুখ্যসচিব বন্যায় ক্ষতিগ্রস্তদের দ্রুত স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার লক্ষ্যে সহযোগিতা করতে সমস্ত ব্যাঙ্ক কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানিয়েছেন। তিনি জানান, কৃষিতে ক্ষয়ক্ষতির পরিমান নিরুপনের কাজ চলছে। ব্যাংক কর্তৃপক্ষকে এক সপ্তাহের মধ্যে ক্ষতির পরিমাণ জানিয়ে দেওয়া হবে। প্রাথমিক অনুমান কৃষিতে আনুমানিক প্রায়, ৩ হাজার ৫০০ কোটি টাকার ক্ষতি হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্তদের কিশান ক্রেডিট কার্ডের মাধ্যমে ঋণ প্রদানে যেন বিশেষ শিবির করা হয় সেজন্য সমস্ত ব্যাঙ্ক কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়েছে।

বন্যায় ৭৩৪টি স্কুল ও ২০২৯টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে। বৈঠকে আর বি আই, নাবার্ড, পাঞ্জাব ন্যাশানাল ব্যাংক, স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া সহ বিভিন্ন ব্যাংকের কর্মকর্তাগণ অংশ নেন।

*****************************

**CM-Dental College :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার সভাপতিত্বে আজ আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজের বিভিন্ন বিষয় নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় মুখ্যমন্ত্রী বলেন, আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজের সার্বিক উন্নতির লক্ষ্যে ডেন্টাল কাউন্সিল অব ইন্ডিয়ার যে নিয়মনীতি ও নির্দেশিকা রয়েছে তা অনুসরণ করেই সমস্ত কাজ করতে হবে। বিভিন্ন পদে নিয়োগের ক্ষেত্রে পিআরটিসি বাধ্যতামূলক করতে হবে। তবে কোনও পদের যোগ্য প্রার্থী রাজ্যে পাওয়া না গেলে পিআরটিসির ক্ষেত্রে ছাড় দেওয়ার ব্যবস্থা রাখতে হবে। ডেন্টাল কাউন্সিল অব ইন্ডিয়ার কলেজ পরিদর্শন করার পূর্বেই সমস্ত উদ্যোগ কার্যকর করার উপর মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেন। পর্যালোচনা সভায় এই কলেজের পরিকাঠামোগত উন্নয়ন সহ বিভিন্ন বিভাগে ফ্যাকাল্টি নিয়োগ, ২৫০ আসন বিশিষ্ট বয়েজ ও গার্লস হোস্টেল নির্মাণ, অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণীর ছাত্রছাত্রীদের ভর্তি, কলেজের জন্য ডেন্টাল ভ্যানের ব্যবস্থা ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়।

****************************

**Poshan Maah-Unakoti :**

সপ্তম রাষ্ট্রীয় পোষন মাস উদযাপনের লক্ষ্যে আজ ঊনকোটি জেলাভিত্তিক অনুষ্ঠান কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে আনুষ্ঠানিক উদ্বোধন করেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। বক্তব্য রাখেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, C.M.O ডাঃ শীর্ষেন্দু চাকমা, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা প্রমুখ। এখানে দু'জন শিশুর হাতে পুষ্টিকর খাবারের কিট তুলে দেওয়া হয়।

***************************

**Agriculture Mission :**

কেন্দ্রীয় মন্ত্রিসভা মোট ২,৮১৭ কোটি টাকার ডিজিটাল কৃষি মিশনের অনুমোদন দিয়েছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ নতুন দিল্লিতে সাংবাদিকদের বলেছেন, কৃষকদের জীবনযাত্রার উন্নতি এবং তাদের আয় বৃদ্ধির জন্য মন্ত্রিসভার বৈঠকে বড় সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি বলেন, কৃষির জন্য ডিজিটাল সরকারি পরিকাঠামোর আদলে ডিজিটাল কৃষি মিশন তৈরি করা হচ্ছে।

এছাড়াও খাদ্য ও পুষ্টি নিরাপত্তার জন্য মোট ৩,৯৭৯ কোটি টাকা ব্যয়ে শস্য বিজ্ঞান অনুমোদন করেছে মন্ত্রিসভা। সরকার ২,২৯১ কোটি টাকা ব্যয়ে কৃষি শিক্ষা, ব্যবস্থাপনা এবং সামাজিক বিজ্ঞানকে শক্তিশালী করার সিদ্ধান্ত নিয়েছে। মন্ত্রিসভা প্রাণিসম্পদ বিকাশে ১৭০২ কোটি টাকা ব্যয়ের

অনুমোদন দিয়েছে। উদ্যানপালনের সুস্থায়ী উন্নয়নের জন্য ৮৬০কোটি টাকা অনুমোদন করেছে। কেন্দ্রীয় মন্ত্রিসভা ১২০২ কোটি টাকা ব্যয়ে কৃষি বিজ্ঞান কেন্দ্র এবং ১১১৫ কোটি টাকা ব্যয়ে প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনাকে শক্তিশালী করার সিদ্ধান্ত নিয়েছে।

***************************

**CM-Assam :**

আসামের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা ঐ রাজ্যে চুক্তিভিত্তিক ২৩ হাজার ৯৬৫ জন শিক্ষককে আজ স্থায়ী নিয়োগপত্র প্রদান করেছেন। গুয়াহাটির খানাপাড়া ময়দানে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি সমগ্র শিক্ষা এবং আসাম সরকারের অধীন উচ্চ ও প্রাথমিক বিদ্যালয়ের চুক্তিভিত্তিক শিক্ষকদের স্থায়ী নিয়োগপত্র প্রদান করেন।

************************

**World Coconut Day :**

নারকেল উন্নয়ন পর্ষদের উদ্যোগে আজ দক্ষিন জেলার সাব্রুমের হিচাছড়া নারকেল চারা উৎপাদন ও প্রদর্শন কেন্দ্রে বিশ্ব নারকেল দিবস পালিত হয়। এই উপলক্ষে নারকেল চাষীদের নিয়ে আয়োজিত জেলাভিত্তিক আলোচনাচক্রে অংশ নেওয়া ৯৮ জন নারকেল চাষীকে ২টি করে নারকেল চারা প্রদান করা হয়। আলোচনাচক্রে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, সাতচাঁদের কৃষি তত্বাবধায়ক মনোহর দাস, বীরচন্দ্রমনুর কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিজ্ঞানী বাসুদেব ঘোষ, নারকেল উন্নয়ন পর্ষদের সিনিয়র ফিল্ড অফিসার অজন্তা ভরালি প্রমুখ।

****************************

**SDM-Sonamura :**

সোনামুড়া মহকুমার কেমতলী, বড়দোয়াল, জুলাইবাড়ি এলাকায় ৫টি শিবিরে এখনো ৪০০ জন বন্যা দুর্গত মানুষ রয়ে গেছেন। সোনামুড়ার মহকুমা শাসক অরুপ দেব আজ এখবর জানান। তিনি জানান, সোনামুড়া মহকুমায় সম্পূর্ণ ও আংশিকভাবে মোট ৬৩৫টি ঘর ক্ষতিগ্রস্ত হয়েছে। এরজন্য ৪০০০ টাকা করে অন্তর্বর্তীকালীন সরকারি আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে।

****************************

**TRBT New Chairman :**

টিচার্স রিক্রুটমেন্ট বোর্ড ত্রিপুরা বা টিআরবিটি'র চেয়ারম্যান পদে ডা: প্রত্যুষ রঞ্জন দেব ও পরীক্ষার নিয়ামক পদে ড: শশাঙ্ক ঘোষকে নিযুক্ত করা হয়েছে। শিক্ষা দপ্তরের অতিরিক্ত সচিব নৃপেন্দ্র চন্দ্র শর্মা আজ এখবর জানান।

****************************

**School Safely :**

বিপর্যয় মোকাবিলা ও স্কুল নিরাপত্তা বিষয়ে তিন দিনের প্রশিক্ষণ কর্মসূচি আজ থেকে ঊনকোটি জেলার কুমারঘাটের নয়দ্রোন মাধ্যমিক বিদ্যালয়ে শুরু হয়েছে। উত্তর ত্রিপুরা, ধলাই ও ঊনকোটি এই তিন জেলা থেকে স্কুল শিক্ষকরা এতে অংশ নিয়েছেন। তিন জেলার সবক'টি মহকুমা থেকে পাঁচজন করে শিক্ষক এই কর্মসূচিতে যোগদান করেছেন। রাজস্ব দপ্তরের পৃষ্ঠপোষকতায় এবং বিদ্যালয় শিক্ষা দপ্তরের ব্যবস্থাপনায় এই প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন। আজ সকালে এই প্রশিক্ষণ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, কুমারঘাট পুর পরিষদের চেয়ারম্যান বিশ্বজিৎ দাস। তিনি বলেন, বিপর্যয় মোকাবিলা ও ঝুঁকি হ্রাস করতে এধরণের প্রশিক্ষণ কর্মসূচির গুরুত্ব অপরিসীম ও তা সময়োপযোগী উদ্যোগ। প্রশিক্ষণ কর্মসূচি চলবে আগামী বুধবার পর্যন্ত।

****************************

**Press Meet-Congress :**

শারদীয়া দুর্গোৎসবের আগে আগরতলা শহরে হকারদের উচ্ছেদের জন্য আগরতলা পুর নিগম যে সিদ্ধান্ত নিয়েছে তা আপাতত স্থগিত রাখার জন্য বিধায়ক সুদীপ রায় বর্মন আজ পুর নিগমের মেয়র দীপক মজুমদারের কাছে এক চিঠিতে অনুরোধ জানিয়েছেন। চিঠিতে তিনি উল্লেখ করেন পূজোর আগে উচ্ছেদ করলে বন্যা পরবর্তী পরিস্থিতিতে হকাররা দুর্ভোগে পড়বেন। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে একথা জানান প্রদেশ কংগ্রেস মুখপাত্র প্রবীর চক্রবর্তী।

*****************************

**Michael Madhusudan Dutta :**

মাইকেল মধুসূদন দত্ত দ্বিশত জন্ম বর্ষ উদযাপন কমিটির উদ্যোগে আগামী ২১ ও ২২ সেপ্টেম্বর নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হবে

সেমিনার, শ্রুতি নাটক, নাটকসহ অন্যান্য অনুষ্ঠান। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে কমিটির পক্ষে অলকানন্দা চৌধুরী একথা জানিয়েছেন। তিনি জানান, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের মধ্যে নানা প্রতিযোগিতারও আয়োজন করা হয়েছে।

***************************

**Poshan Maah-Shepahijala :**

সিপাহীজলা জেলায় রাষ্ট্রীয় পোষণ মাস উদযাপন উপলক্ষে আজ জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা (পিপি) সুব্রত মজুমদার। সভায় অতিরিক্ত জেলাশাসক রাষ্ট্রীয় পোষণ মাস সুষ্‌ঠুভাবে সম্পন্ন করার উপর সকলের সহযোগিতা কামনা করেন। সভায় সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা আধিকারিক উত্তম কুমার দাস পাওয়ারপয়েন্টে রাষ্ট্রীয় পোষণ মাসের বিভিন্ন কর্মসূচি নিয়ে আলোচনা করেন। তিনি জানান, রাষ্ট্রীয় পোষণ মাস উদযাপনে সেপ্টেম্বর মাসব্যাপী জেলার প্রতিটি গ্রাম পঞ্চায়েত ও এডিসি ভিলেজে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হবে। উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার অ্যাসিস্টেন্ট কালেক্টর ডি গোয়েল, সিডিপিও ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

**************************

**Para Olympic :**

২০২৪ এর প্যারিস প্যারা অলিম্পিকে পুরুষদের ডিসকাস থ্রো-তে রৌপ্য পদক জেতার জন্য রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু যোগেশ কাঠুনিয়াকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে রাষ্ট্রপতি বলেন যে পরপর দুটি প্যারালিম্পিকে পদক জিতে তিনি তার সংকল্প এবং ধারাবাহিকতা প্রমাণ করেছেন।

উপ রাষ্ট্রপতি জগদীপ ধনখরও যোগেশ কাঠুনিয়াকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তাঁর বার্তায় শ্রী ধনখর বলেন যে এই ধারাবাহিক কৃতিত্ব তার প্রতিশ্রুতি এবং কঠোর পরিশ্রমের প্রমাণ।

এদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ প্যারিস প্যারা অলিম্পিকের স্বর্ণপদক জয়ী অবনী লেখারার সাথে কথা বলেছেন এবং তাকে জয়ের জন্য অভিনন্দন জানিয়েছেন।

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ প্যারা অলিম্পিক ২০২৪এ পুরুষদের হাই জাম্প T47 ইভেন্টে রৌপ্য পদক জেতার জন্য নিষাদ কুমারকে অভিনন্দন জানিয়েছেন।

প্রধানমন্ত্রী আজ ট্র্যাক অ্যান্ড ফিল্ড অ্যাথলিট প্রীতি পালকে এবারের প্যারিস প্যারা অলিম্পিকে ২০০ মিটার T35 ইভেন্টে ব্রোঞ্জ পদক জেতার জন্য অভিনন্দন জানিয়েছেন।

*************************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের ধলাই, খোয়াই, পশ্চিম এবং সিপাহীজেলা জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।। অন্যান্য জেলায় দুয়েকটি জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের ও সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস।

***************************